



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৬.২৪- ১৫১

তারিখঃ ২৭ শ্রাবণ ১৪৩১
১১ আগস্ট ২০২৪

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব খ. ম. আরিফুল ইসলাম (১০৯১৫০০৫), উপজেলা নির্বাচন অফিসার, সদর, ব্রাহ্মণবাড়িয়া যথাযথভাবে যাচাই ব্যতীত কসবা উপজেলার কুটি ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪ এ ভুল প্রতীকের ব্যালট গ্রহণ করেন। তিনি দায়িত্ব পালনে অবহেলা প্রদর্শন করায় উক্ত নির্বাচনে চেয়ারম্যান পদের ভোটগ্রহণ সম্ভব হয়নি;

যেহেতু, তার এহেন কার্যকলাপ শৃঙ্খলার পরিপন্থি হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং-১০/২০২৪ রুজু করে তাকে কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল পূর্বক শুনানির অভিপ্রায় ব্যক্ত করায় গত ০৭-০৮-২০২৪ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগ অস্বীকার করতঃ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রার্থনা করেছেন এবং তার লিখিত জবাব ও শুনানিতে প্রদত্ত বক্তব্য বিবেচনায় তাকে ভবিষ্যতের জন্য সতর্ক করে 'অসদাচরণ' এর দায় হতে অব্যাহতি প্রদান করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব খ. ম. আরিফুল ইসলাম, উপজেলা নির্বাচন অফিসার, সদর, ব্রাহ্মণবাড়িয়া-কে বিভাগীয় মামলায় অনীত 'অসদাচরণ' এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। তাকে ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনের ক্ষেত্রে আরো সতর্কতা অবলম্বনের নির্দেশ প্রদান করা হলো। একইসাথে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-১০/২০২৪ নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

শফিউল আজিম
সচিব

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৬.২৪- ১৫১

তারিখঃ ২৭ শ্রাবণ ১৪৩১
১১ আগস্ট ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৩। যুগ্মসচিব.....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
- ০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা
- ০৭। উপসচিব.....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৮। উপসচিব (হিসাব) (চ.দা.), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৯। জেলা নির্বাচন অফিসার, ব্রাহ্মণবাড়িয়া
- ১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ]
- ১১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা
- ১২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম
- ১৩। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
- ১৪-১৭। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)

চলমান পাতা-২

অফিসের ঠিকানা :

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ :

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইল : secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস : www.ecs.gov.bd



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

- ১৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া
২০। জনাব খ. ম. আরিফুল ইসলাম, উপজেলা নির্বাচন অফিসার, সদর, ব্রাহ্মণবাড়িয়া
২১। সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [জনাব খ. ম. আরিফুল ইসলাম, উপজেলা নির্বাচন অফিসার, সদর, ব্রাহ্মণবাড়িয়া এর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের নিমিত্ত]
২২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া

১১.০৬.২৫

মোহাম্মদ আল-মামুন
সিনিয়র সহকারী সচিব সি.সি (শৃঙ্খলা)
ফোনঃ ০২-৫৫০০৭৪৫৮
ইমেইল: sas_dis@ecs.gov.bd

অফিসের ঠিকানা :

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ :

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইল : secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস : www.ecs.gov.bd